ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৯০

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**<u>পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৮.০</u>**

**ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখাই এই অভিযানের মূল উদ্দেশ্য ঃ সাংসদ**

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান-৮.০ আজ সারা রাজ্যে শুরু হয়েছে। সারা রাজ্যের সাথে পশ্চিম ত্রিপুরা জেলায়ও আজ থেকে ১৪ দিনব্যাপী এই অভিযান শুরু হয়েছে। আগরতলার ধলেশ্বরস্থিত কামিনীকুমার সিংহ মেমোরিয়্যাল দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের কনফারেন্স হলে আজ পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক এই অভিযানের উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। এই কর্মসূচিতে জেলার ১ থেকে ১৯ বছর বয়সী ২,৫১,৭৯৪ জনকে কৃমিনাশক ট্যাবলেট, ৫৮৩৪০ জন শিশুকে আয়রন ও ফলিক অ্যাসিড সিরাপ খাওয়ানো হবে। ১ লক্ষ ২০ হাজার ১৫৩ জন শিশুর পুষ্টি নির্ধারণ করা হবে। ১০ বছর বয়সী ৬,৩১৯ জনকে বিভিন্ন টিকা এবং ১৫ বছর বয়সী ৬,৪৩০ জনকে টিটেনাস টিকা দেওয়া হবে।

অভিযানের সূচনা করে সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, এই অভিযানের মূল উদ্দেশ্য হল ভবিষ্যৎ প্রজন্মের শিশু, কিশোর-কিশোরীদের সুস্থ সবল রাখা এবং তাদের মধ্যে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা। তিনি বলেন, আজ থেকে শুরু হয়ে ১৪ দিনব্যাপী জেলার বিভিন্ন বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের কৃমিনাশক ট্যাবলেট, ভিটামিন-এ ট্যাবলেট, পোলিও, টিটেনাস ভ্যাকসিন প্রভৃতি দেওয়া হবে। এই সুযোগ গ্রহণ করার জন্য সাংসদ সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল বলেন, এই জেলার প্রতিটি শিশু, কিশোর-কিশোরীকে সুস্থ সবল রাখতে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করা হচ্ছে। তারা সুস্থ থাকলে আমাদের সমাজও সুস্থ স্বাভাবিক থাকবে। বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের কর্পোরেটর সুখময় সাহা। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. রঞ্জন বিশ্বাস। মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান বিষয়ে বিস্তারিত আলোচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলার শিক্ষা আধিকারিক পল্লবকান্তি সাহা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পশ্চিম জেলা পরিদর্শক দীপকলাল সাহা। তাছাড়া বক্তব্য রাখেন কামিনীকুমার সিংহ ম্যামোরিয়্যাল দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিবশঙ্কর পাল। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন জেলাভিত্তিক অভিযান কর্মসূচির কনভেনার ডা. সুখেন্দু নাথ। অনুষ্ঠানে দু’জন কিশোর-কিশোরীকে টিটেনাস টিকা দেওয়া হয়। দুটি শিশুকে ভিটামিন-এ সিরাপ এবং কৃমিনাশক ওষুধ খাওয়ানো হয়।

******